

# DIVERGENCE FROM NORMALITY

## ( স্বাভাবিকতা থেকে বিচ্যুতি )

Education Honours (Semester – V)

Course Type : CC-12

Unit- 2

Sub Unit- 2.3

Patit Paul  
Assistant Professor  
Dept. of Education  
Azad Hind Fouz Smriti Mahavidyalaya  
Domjur, Howrah  
[patitpaul.gentle@gmail.com](mailto:patitpaul.gentle@gmail.com)

শিখন উদ্দেশ্য : স্বাভাবিক বন্টন থেকে বিচ্যুতির কারণ সমন্ধে ধারণা গঠন

অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা নিম্নলিখিত প্রশ্নটির উত্তর দিতে সক্ষম হবে :

স্বাভাবিক বন্টন থেকে বিচ্যুতির কারণগুলি কি কি ?

শিক্ষামূলক পরিমাপের ক্ষেত্রে যে তথ্যগুলি পাওয়া যায় তা সব সময় স্বাভাবিক বন্টনের নিয়ম মেনে চলে না। নমুনার প্রকৃতি অনুযায়ী স্বাভাবিকতা থেকে কিছু বিচ্যুতি হতে পারে। কিন্তু এই বিচ্যুতি যদি খুব বেশি হয় তবে বুঝতে হবে কোনো মৌলিক ত্রুটি রয়েছে। সাধারণত যে কারণে প্রাপ্ত বন্টনের এই বিচ্যুতি ঘটে সেগুলি হল-

### (১) নমুনা নির্বাচন জনিত ত্রুটি :

- (ক) আমরা যে সব শিক্ষার্থীদের কোনো বৈশিষ্ট্য পরিমাপ করছি সেই শিক্ষার্থীদের সংখ্যা যদি খুবই কম হয় তাহলে সেক্ষেত্রে স্বাভাবিক বন্টনের বিচ্যুতি দেখা যায়।
- (খ) নমুনা দল বড় হলেও সব সময় বন্টনটি স্বাভাবিক নাও হতে পারে। কারণ নমুনা দলটি যদি এমন হয় যে তাতে যারা অন্তর্ভুক্ত হয়েছে তারা সকলেই সমধর্মী, তাহলে তাদের পরিমাপ স্বাভাবিক বন্টনের নিয়ম মেনে চলবে না। যেমন, যে শিক্ষার্থীদের শিক্ষাগত যোগ্যতা পরিমাপ করা হচ্ছে তারা যদি সবাই উন্নত বুদ্ধি সম্পন্ন হয় বা সবাই যদি নিম্ন বুদ্ধি সম্পন্ন হয় তাহলে পরিমাপের ত্রুটি থেকে যায়।

## (২) পরিমাপক অভীক্ষার ত্রুটি :

(ক) বন্টনের অস্বাভাবিকতা পরিমাপক অভীক্ষায় ত্রুটির জন্যও হতে পারে। যেমন, অভীক্ষার অন্তর্ভুক্ত প্রশ্নগুলি যদি খুব কঠিন বা খুব সহজ হয়, সেক্ষেত্রে যে পরিমাপ পাওয়া যায় তা প্রকৃত পারদর্শিতার অভীক্ষা হতে পারে না। ফলে ওই পরিমাপ বা স্কোরগুলি স্বাভাবিক বন্টনের নিয়ম মেনে চলে না।

(খ) আবার অভীক্ষাপত্রে এমন ভাবে যদি প্রশ্ন নির্বাচন করা হয় যে, সেগুলি কেবলমাত্র কতকগুলি বিশেষ অধ্যায়ের জ্ঞানকে অন্তর্ভুক্ত করে এবং অন্যগুলিকে বর্জন করে তাহলে ওই স্কোরগুলি স্বাভাবিক বন্টনের নিয়ম মেনে চলবে না। তাই প্রাপ্ত স্কোরের প্রকৃত তাৎপর্য যদি বজায় রাখতে হয়, তাহলে পরিমাপক অভীক্ষাটিও নির্ভুল ভাবে তৈরি করতে হবে।

(৩) **অভীক্ষা প্রয়োগ জনিত ত্রুটি** : অভীক্ষা প্রয়োগের ত্রুটির জন্য অনেক সময় বন্টনের অস্বাভাবিকতা দেখা দেয়। পরীক্ষকের যথাযোগ্য নির্দেশ দানের অভাব, অভীক্ষা প্রয়োগের সময় নির্বাচনের ত্রুটি পরিমাপের অস্বাভাবিকতার জন্য দায়ী।

(৪) পরিমাপযোগ্য বৈশিষ্ট্যের প্রকৃতির কারণে ত্রুটি : সব ধরনের পরিমাপ স্বাভাবিক বন্টনের নিয়ম মেনে চলে না। কিছু কিছু পরিমাপ আছে যেখানে স্কেরের পরিসংখ্যাগুলি কম থেকে ক্রমশ বেশি হয়। আবার কোনো কোনো পরিমাপ আছে যেখানে পরিসংখ্যা বেশি থেকে ক্রমশ কমে এবং আবার ক্রমশ বাড়ে। যে গুণ পরিমাপ করা হচ্ছে তার নিজস্ব প্রকৃতির জন্য এইরূপ ঘটনা ঘটে। এই সব ক্ষেত্রে স্বাভাবিক বন্টনের গুণাবলী আরোপ করলে ভুল হবে। তবে শিক্ষামূলক পরিমাপের যথাযথ তাৎপর্য নির্ণয় করতে হলে এই ত্রুটি দূর করা উচিত। নমুনাগুলি নির্বাচন যাতে সঠিক হয়, অভীক্ষা যাতে নির্ভুল হয় ও অভীক্ষা প্রয়োগের রীতি যাতে সঠিকভাবে অনুসরণ করা হয় সেসব দিকে নজর দেওয়া দরকার।

\*\*\*\*\*

শিক্ষার্থীদের কাজ :

স্বাভাবিক বন্টন থেকে বিচ্যুতির কারণগুলি কি কি ?